দৈনিক ইত্তেফাক

তারিখ 14 FEB 1992

পৃষ্ঠা ... কলাম ...

# দুইশত ডিগ্রী পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারিল না

কুমিল্লার সংবাদদাতা ফোনে জানান, গতকাল (বৃহস্পতিবার) কুমিল্লা জেলার ১৩টি কেন্দ্রে দুই শতাধিক ডিগ্রী পরীক্ষার্থী সমাজকল্যাণ তৃতীয়পত্রের পরীক্ষা দতে পারেনি নাই। গত ১৪ই জানুয়ারী দৈনিক ইনকিলাব পত্রিকার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার সময়সূচীতে সমাজকল্যাণ তৃতীয়পত্রের পরীক্ষা বিকালে অনুষ্ঠিত হইবে বলিয়া ছাপা হয়। অথচ পরীক্ষা অনুষ্ঠানের নির্ধারিত সময় ছিল সকালে এবং সেভাবেই পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। ভুল সময়সূচী ছাপানোর ফলে ২ শতাধিক ছাত্র-ছাত্রী পরীক্ষা দিতে ব্যর্থ হইল।

## চট্টগ্রামে

চট্টগ্রাম অফিস জানায়, একই কারণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ভুক্ত চলমান ডিগ্রী পরীক্ষায় বহুসংখ্যক পরীক্ষার্থী গতকাল বৃহস্পতিবার পরীক্ষায় অংশগ্রহণে বিফল হইয়াছে। ঢাকার একটি পত্রিকায় পরীক্ষার সময়সূচী দেখিয়া কিছু ছাত্র-ছাত্রী পরীক্ষা দিতে গেলে জানিতে পারে যে, পরীক্ষা সকাল বেলা ১০টা হইতে ১টা পর্যন্ত অনুষ্ঠিত হইয়া গিয়াছে। উক্ত পত্রিকায় ভুল ছাপার জন্য একমাত্র চট্টগ্রাম সরকারী কলেজ কেন্দ্রের ১২ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিতে পারে নাই।